তারিখ 27 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

# এসএসসি-এইচএসসির নম্বরপত্র পাওয়া যাবে অনলাইনে

**নিজস্ব প্রতিবেদক ▷**

এসএসসি, এইচএসসি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সব শিক্ষার্থীর পরীক্ষার নম্বরপত্র বা মার্কশিট অনলাইনে প্রকাশ করার সিদ্ধান্ত হয়েছে। গতকাল শিক্ষা বোর্ডগুলোর কেন্দ্রীয় সমন্বয় কমিটি 'আন্তশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি'র সভায় এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী ২১ এপ্রিল ২০১৫-এর পরবর্তী এসএসসি, এইচএসসি ও সমমানের পরীক্ষার মার্কশিট অনলাইনে প্রকাশ করা হবে। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন।

মাহবুবুর রহমান কালের কণ্ঠকে জানান, এ ব্যাপারে আদালতের একটি নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী কোনো শিক্ষার্থী চাইলে তাকে বোর্ড থেকে মার্কশিট দিতে বাধ্য। তাই সব শিক্ষার্থীই যাতে বিড়ম্বনাহীনভাবে মার্কশিট পেতে পারে সে জন্য এগুলো অনলাইনে প্রকাশ করার সিদ্ধান্ত হয়েছে। এর ফলে শিক্ষার্থীরা নিজ নিজ বোর্ডের ওয়েবসাইটে গিয়ে এই মার্কশিট দেখতে ও ডাউনলোড করতে পারবে।

মাহবুবুর রহমান আরো বলেন, মার্কশিট অনলাইনে দিয়ে দেওয়ার ফলে প্রত্যেক শিক্ষার্থীই কোন বিষয়ে কত নম্বর পেয়েছে তা জানতে পারবে। এমনকি প্রতিটি বিষয়ে সিকিউ, এমসিকিউ ও ব্যবহারিক পরীক্ষায় কত পেয়েছে তা আলাদা আলাদাভাবে দেখার সুযোগ পাবে।

উল্লেখ্য, ২০০১ সালে এসএসসি ও ২০০৩ সালে এইচএসসি পরীক্ষার ফলে গ্রেডিং পদ্ধতি চালু হওয়ার পর শিক্ষার্থীদের আর মার্কশিট দেওয়া হচ্ছে না। ফলে শিক্ষার্থীরা পরীক্ষার ফলের ভিত্তিতে গ্রেড পয়েন্ট এভারেজ (জিপিএ) জেনে নিতে পারলেও কোন বিষয়ে কত নম্বর পেয়েছে তা জানতে পারছে না।

রাজধানীর সরকারি কবি নজরুল কলেজ থেকে ২০১০ সালের এইচএসসি (বিজ্ঞান) পরীক্ষার্থী এম নাফিস সালমান খান বিষয়টি চ্যালেঞ্জ করে ২০১১ সালে হাইকোর্টে রিট আবেদন করে। রুলের ওপর চূড়ান্ত শুনানি শেষে হাইকোর্ট গত বছরের ২১ এপ্রিল দেওয়া এক আদেশে কোনো শিক্ষার্থী মার্কশিটের জন্য আবেদন করলে তা সরবরাহের ব্যবস্থা নিতে ঢাকা শিক্ষা বোর্ডকে নির্দেশ দেন।